

কোস্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৪ আগস্ট, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : উপ নির্বাহী পরিচালক

বিষয় : অফিসিয়েল কাজে গুগল ট্রান্সলেটরসহ অন্যান্য অনলাইন ট্রান্সলেটর ব্যবহার না করা প্রসঙ্গে

প্রিয় সহকর্মীবৃন্দ,

শুভেচ্ছা জানবেন।

সম্প্রতি ইংরেজি ভাষার প্রতিবেদন ও ইমেইলে গুগল ট্রান্সলেটরসহ অন্যান্য অনলাইন ট্রান্সলেটর ব্যবহার লক্ষ্য করা যাচ্ছে যা কোনভাবেই কাম্য নয়।

ভবিষ্যতে যেকোন প্রতিবেদন, ইমেইলসহ যে কোন অফিসিয়াল লেখালেখির জন্য নিচের নির্দেশনাসমূহ মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

১. কোন অফিসিয়াল যোগাযোগ বা প্রতিবেদনের ক্ষেত্রে গুগল ট্রান্সলেটরসহ কোন ধরনের অনলাইন ট্রান্সলেটর ব্যবহার করা যাবে না। পরবর্তীতে যদি কোথাও অনলাইন ট্রান্সলেটরের ব্যবহার প্রতীয়মান হয় তবে সংস্থা কর্মীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।
২. ট্রান্সলেটর করার ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হলে কর্মীকে তার ১ম বা ২য় সুপারভাইজর বা অন্য কোন কর্মীর সাহায্য নেয়া যেতে পারে।
৩. অত্র সার্কুলারটি ২৪ আগস্ট, ২০২০ তারিখ থেকে কার্যকর হবে এবং আগামী ২ টি সভায় এটি আলোচনা করতে হবে।
৪. এটি সকলের স্বাক্ষর হয়ে আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত নোটিশে বোর্ডে বুলানো থাকবে এবং পরে যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

এই ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ, ৫



সনত কুমার ভৌমিক

28 AUG 2023

অনুলিপি : নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি